গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

পত্র নং ৩৩.০২.০০০০.৯৪৪.০৩.০০৩.১৬-৬৬৭ তারিখঃ ১৯/০৫/২০১৯ খ্রিস্টাব্দ

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০১৮-১৯ অর্থ বছরের "জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের হিসাব খাত ২২৪০৭০১০০ এর নির্মাণ ও পূর্ত খাতের উপখাত পুকুর-দিঘি এবং খাল/বিল/মরানদী/বরোপিট পুনঃখনন (৪১১১৩১০) স্কীম বাস্তবায়নে শ্রমিক মজুরি পরিশোধের জন্য অর্থ বরাদ্দ আদেশ।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্পের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে রাজস্বখাতে ৩৯৭.০০ লক্ষ ও মূলধন খাতে ৯৬০৩.০০ লক্ষ টাকাসহ মোট ১০০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত অর্থের মূলধন খাতের ৯৬০৩.০০ লক্ষ টাকা হতে পুকুর দিঘি ও খাল/বিল/মরানদী/বরোপিট পুনঃখনন (৪১১১৩১০) উপখাতে মোট ৮৯৯০.৩৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। বরাদ্দকৃত অর্থের ১ম থেকে ৪র্থ কিস্তিতে পুকুর-দিঘি এবং খাল/বিল/মরানদী/বরোপিট পুনঃখনন (৪১১১৩১০) বাবদ ৮৯৯০.৩৫ লক্ষ টাকা ছাড় হয়েছে। ছাড়কৃত অর্থ হতে মাঠ পর্যায়ে পুকুর-দিঘি এবং খাল/বিল/মরানদী/বরোপিট পুনঃখনন বাবদ ৭০৭৪.৭৭৮ লক্ষ টাকা বরাদ্দ করার পর ১৯১৫.৫৭২ লক্ষ টাকা অবশিষ্ট থাকে। উক্ত অবশিষ্ট অর্থ হতে নিম্নবর্ণিত স্কীমসমূহ বাস্তবায়নে ৩য় কিস্তির অর্থ পরিশোধের জন্য সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তাগণের অনুকূলে ৪০.৪৬ লক্ষ টাকা বরাদ্দ করার পর উক্ত খাতে ১৮৭৫.১১২ লক্ষ টাকা অবশিষ্ট রইল।

শর্তাবলীঃ

১. প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের নীতিমালা অনুযায়ী জেলা মৎস্য কর্মকর্তা প্রতিটি স্কীমের বিপরীতে অনুমোদিত মোট অর্থের ২৫% অর্থ জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার দপ্তর হতে অগ্রিম উত্তোলন করে কাজ শুরু করবেন। গৃহীত অগ্রিমের ৭৫% খরচের পর পরবর্তী অগ্রিম গ্রহণ করতে হবে। কাজ সমাপ্তির পর চূড়ান্ত পরিমাপ গ্রহণ করে ভাউচারসমূহ সমন্বয় সাপেক্ষে চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে। নীতিমালা অনুযায়ী চেকের মাধ্যমে সকল অর্থ পরিশোধ করতে হবে।

২. এক স্কীমের অনুকূলে বরাদ্দকৃত অর্থ কোনক্রমেই অন্য স্কীমে খরচ করা যাবে না।

৩. অনুমোদিত স্কীমের অনাপত্তিপত্র জলাশয়ের মালিক/প্রতিষ্ঠানের নিকট হতে প্রাপ্তি সাপেক্ষে কাজ শুরু করা যাবে। অনাপত্তি ছাড়া কোন স্কীমের কাজ শুরু করা যাবে না।

৪. বাস্তবায়ন নীতিমালার ১২ অনুচ্ছেদ অনুযায়ী এলসিএস গঠন করতে হবে এবং বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে। এলসিএস ছাড়া কোন ব্যক্তির নামে স্কীমের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ছাড় করা যাবে না।

৫. কোন স্কীমের কাজ বাস্তবায়ন সম্ভব না হলে যত দ্রুত সম্ভব তা প্রকল্প সদর দপ্তরে অবহিত করতে হবে এবং স্থানীয় হিসাবরক্ষণ কর্মকর্তার প্রত্যয়নসহ সমর্পণ করতে হবে। অগ্রিম উত্তোলিত অর্থ খরচ সম্ভব না হলে সমুদয় অর্থ কোড নং ১-৪৪৩১-০০০১-২৬৭১ এ ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের কপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করতে হবে।

৬. অনুমোদিত প্রকল্প দলিল অনুযায়ী পুকুর-দিঘি পুন:খননে প্রতি ঘনমিটার মাটি পুনঃখনন কাজের জন্য ১৫৩.৬১ (একশত তেপান্ন টাকা একষট্টি পয়সা) এবং খাল/বিল/মরানদী/বরোপিট পুন:খননে প্রতি ঘনমিটার মাটি পুনঃখনন কাজের জন্য ১২৪.৪৭ (একশত চব্বিশ টাকা সাতচল্লিশ পয়সা) টাকা হিসেবে সম্পাদিত মাটি খনন কাজের পাওনা পরিশোধ করতে হবে। এল সি এস এর সম্পাদিত কাজের বিল হতে সরকারি বিধি মোতাবেক VAT, IT ইত্যাদি কর্তন করতে হবে।

৭. বাস্তবায়ন নীতিমালা মোতাবেক এল সি এস কর্তৃক সাইনবোর্ড তৈরিপূর্বক স্কীমের দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।

৮. আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে স্কীম বাস্তবায়নের বিষয়ে সকল আর্থিক দায়-দায়িত্ব সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা পালন করবেন।

৯. আর্থিক অপচয় রোধকল্পে মাঠ পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী ও সংশ্লিষ্ট জেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা স্কীমগুলোর সার্বিক তদারকি নিশ্চিত করবেন।

১০. স্কীমের খনন কাজ শুরুর পূর্বের ও পরের স্থিরচিত্র এবং চলমান কাজের স্থির চিত্র স্কীমের একই স্থান হতে সংগ্রহপূর্বক প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে।

১১. বরাদ্দকৃত অর্থ কোনক্রমেই বেসরকারী বা ব্যক্তিমালিকানাধীন কোন স্কীম বাস্তবায়নের ব্যয় করা যাবে না।

১২. ৩য়, কিস্তির অর্থ ব্যয়ের পর কাজ সম্পন্ন করে সংশোধিত স্কীমের প্রাক্কলনসহ, কাজ বাস্তবায়নের তিন পর্যায়ের ৩ টি ছবিসহ (কাজ শুরুর পূর্বে, চলমান এবং সমাপ্তি) চূড়ান্ত পরিমাপ গ্রহণপূর্বক দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট প্রকৌশলীর প্রত্যয়নসহ চূড়ান্ত কিস্তির অর্থ চাহিদা প্রেরণ করতে হবে।

১৩. ভবিষ্যতে অডিট নিষ্পত্তির জন্য ব্যয় বিবরণীর যাবতীয় তথ্যাদি ১০ বছর পর্যন্ত সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তার দপ্তরে সংরক্ষণ করতে হবে।

এরপর পৃষ্ঠা ২

১৪. কাজ সমাপ্তির প্রতিবেদন এবং অর্থ সমন্বয়ের প্রয়োজনীয় কাগজপত্র আগামী ৩০/০৬/২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অবশ্যই প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণ করতে হবে।

১৫. বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে "পিপিআর ২০০৮" অনুসরণপূর্বক যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথভাবে পালন করতে হবে।

ক্রঃ নং	বিভাগ	জেলার নাম	উপজেলা	স্কীমের নাম	অনুমোদিত অর্থের পরিমাণ (লক্ষ টাকা)	কিস্তির বিবরণ	বরাদ্দের পরিমাণ (টাকা)
১	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর	মনোহরদিঘী পুনঃখনন	২০.০০	৩য় কিস্তি	৫০০,০০০.০০
২	রংপুর	নীলফামারী	সৈয়দপুর	কুন্দল বিল জলাশয় পুনঃখনন (অংশ-৪)	১৯.০৬	৩য় কিস্তি	৪৭৬,০০০.০০
৩	রংপুর	কুড়িগ্রাম	নাগেশ্বরী	বাগডাঙ্গা (বাঘডাঙ্গা) বিল পুনঃখনন (অংশ-১)	১৫.০০০	৩য় কিস্তি	৩৭৫,০০০.০০
৪	রংপুর	কুড়িগ্রাম	নাগেশ্বরী	বাগডাঙ্গা (বাঘডাঙ্গা) বিল পুনঃখনন (অংশ-২)	১৫.০০০	৩য় কিস্তি	৩৭৫,০০০.০০
৫	রংপুর	কুড়িগ্রাম	নাগেশ্বরী	বাগডাঙ্গা (বাঘডাঙ্গা) বিল পুনঃখনন (অংশ-৩)	১৬.৩৮০	৩য় কিস্তি	৪০৯,০০০.০০
৬	রংপুর	কুড়িগ্রাম	নাগেশ্বরী	বাগডাঙ্গা (বাঘডাঙ্গা) বিল পুনঃখনন (অংশ-৪)	১৬.০১০	৩য় কিস্তি	৪০০,০০০.০০
৭	রংপুর	কুড়িগ্রাম	নাগেশ্বরী	বাগডাঙ্গা (বাঘডাঙ্গা) বিল পুনঃখনন (অংশ-৫)	১৫.৯০০	৩য় কিস্তি	৩৯৭,০০০.০০
৮	বরিশাল	বরিশাল	মেহেন্দীগঞ্জ	গগারিয়া (গাগরিয়া) আশ্রায়ন প্রকল্পের পুকুর-২ পুনঃখনন	১৯.৯৯	৩য় কিস্তি	৪৯৯,০০০.০০
৯	সিলেট	সিলেট	কোম্পানীগঞ্জ	পিনাইন (পিয়াইন) মরানদী পুনঃখনন (অংশ-৩)	১৪.৬০০	৩য় কিস্তি	৩৬৫,০০০.০০
১০	ময়মনসিংহ	নেত্রকোণা	আটপাড়া	রায়খালী খাল (অংশ-৩) পুনঃখনন	১০.০০০	৩য় কিস্তি	২৫০,০০০.০০
				মোট	১৬১.৯৪০		৪০,৪৬,০০০.০০০

কথায়ঃ টাকা চল্লিশ লক্ষ ছেচল্লিশ হাজার।

(মোঃ আলীমুজ্জামান চৌধুরী)
প্রকল্প পরিচালক
জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
ফোন: ০২-৯৫৮৮৭০৮
ইমেইল: alimuzzamanc@gmail.com

পত্র নং ৩৩.০২.০০০০.৯৪৪.০৯.০০৯.১৬-[illegible]/১(১৬০) তারিখঃ ১৯/০৫/২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪. যুগ্ম-প্রধান মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর/বরিশাল বিভাগ, বরিশাল/সিলেট বিভাগ, সিলেট/ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৭. বিভাগীয় হিসাবনিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর/বরিশাল বিভাগ, বরিশাল/সিলেট বিভাগ, সিলেট/ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৮. জেলা প্রশাসক, পঞ্চগড়/নীলফামারী/কুড়িগ্রাম/বরিশাল/সিলেট/নেত্রকোনা।

এর পর পৃষ্ঠা ৩

৯. জেলা মৎস্য কর্মকর্তা, পঞ্চগড়/নীলফামারী/কুড়িগ্রাম/বরিশাল/সিলেট/নেত্রকোনা।

১০. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পঞ্চগড়/নীলফামারী/কুড়িগ্রাম/বরিশাল/সিলেট/নেত্রকোনা।

১১. উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়/সৈয়দপুর, নীলফামারী/নাগেশ্বরী, কুড়িগ্রাম/মেহেন্দিগঞ্জ বরিশাল/কোম্পানীগঞ্জ, সিলেট/আটপাড়া, নেত্রকোনা।

১২. সিনিয়র উপজেলামৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা, পঞ্চগড় সদর, পঞ্চগড়/সৈয়দপুর, নীলফামারী/নাগেশ্বরী, কুড়িগ্রাম/মেহেন্দিগঞ্জ বরিশাল/কোম্পানীগঞ্জ, সিলেট/আটপাড়া, নেত্রকোনা।

১৩. সহকারী প্রকৌশলী, উপপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর/বরিশাল বিভাগ, বরিশাল/সিলেট বিভাগ, সিলেট/ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

১৪. উপসহকারী প্রকৌশলী, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পঞ্চগড়/নীলফামারী/কুড়িগ্রাম/বরিশাল/সিলেট/নেত্রকোনা।

১৫. দপ্তর নথি

(মোঃ আলীমুজ্জামান চৌধুরী)
প্রকল্প পরিচালক
জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।